

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | ٱلشُّعْرَاء

আয়াতঃ ২৬: ৯১

💵 আরবি মূল আয়াত:

وَ بُرِّزَتِ الجَحِيمُ لِلغُوينَ ﴿٩١﴾

এবং পথভ্রষ্টকারীদের জন্য জাহান্নাম উন্মোচিত করা হবে। — আল-বায়ান এবং পথভ্রষ্টদের সম্মুখে জাহান্নামকে উন্মোচিত করা হবে। — তাইসিরুল আর পথভ্রষ্টদের জন্য উম্মোচিত করা হবে জাহান্নাম। — মুজিবুর রহমান

And Hellfire will be brought forth for the deviators, — Sahih International

- ৯১. এবং পথভ্রষ্টদের জন্য উন্মোচিত করা হবে জাহান্নাম(১);
 - (১) অর্থাৎ একদিকে মুন্তকিরা জান্নাতে প্রবেশ করার আগেই দেখতে থাকবে, আল্লাহর মেহেরবানীতে কেমন নিয়ামতে পরিপূর্ণ জায়গায় তারা যাবে। অন্যদিকে পথভ্রম্ভরা তখনো হাশরের ময়দানেই অবস্থান করবে। যে জাহান্নামে তাদের গিয়ে থাকতে হবে তার ভয়াবহ দৃশ্য তাদের সামনে উপস্থাপিত করা হবে। [দেখুন: ফাতহুল কাদীর, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৯১) এবং পথভ্রষ্টদের জন্য উন্মোচিত করা হবে জাহান্নাম। [1]
 - [1] অর্থাৎ, জান্নাত ও জাহান্নামকে প্রবেশের আগে সামনে আনা হবে। যার দরুন কাফেরদের দুঃখ ও মু'মিনদের আনন্দ আরো বৃদ্ধি পাবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3023

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন